Faruque Hassan
President

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/ ৫২ ০৯ মার্চ, ২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ অথোরাইজড ইকনোমিক অপারেটরের (AEO) সনদ প্রাপ্তির জন্য আবেদনকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) বিজিএমইএ'র পত্র নং-বিজিএ/কাস/২০২৩/২২৬২, তারিখ: ০৬/০৩/২০২৩।
(খ) সার্কুলার নং- বিজিএ/কাস/২০২২/১৪৬, তারিখ: ১৮/০৭/২০২২।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাণিজ্য উদারীকরণ এবং পণ্য খালাস প্রক্রিয়া দ্রুততর করার লক্ষ্যে উত্তম চর্চাকারী প্রতিষ্ঠানসমূহের পণ্য চালান কায়িক পরীক্ষন ব্যতিরেকে সরাসরি গ্রীন চ্যানেলের মাধ্যমে খালাস প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড Authorized Economic Operator (AEO) সুবিধা চালু করেছে। ইতিমধ্যে ১৮/০৭/২০২২ ইং তারিখে সূত্রোক্ত 'খ' সার্কুলারের মাধ্যমে আপনাদেরকে এ'বিষয়ে অবগত করা হয়েছে।

আমরা জানতে পারি যে, তৈরি পোশাক শিল্পের অনেক প্রতিষ্ঠান Authorized Economic Operator এর সনদ গ্রহনের জন্য আবেদন করেছে যার মধ্যে কিছু সংখ্যক প্রতিষ্ঠান সনদ গ্রহন করতে পেরেছেন এবং বেশ কিছু প্রতিষ্ঠান সনদ প্রাপ্তির জন্য অপেক্ষমান আছে।

গত ০৬/০৩/২০২৩ইং তারিখে বিজিএমইএ হতে সূত্রোক্ত 'ক' পত্রের মাধ্যমে চেয়ারম্যান মহোদয়কে Authorized Economic Operator-এ তালিকাভুক্তি প্রক্রিয়া সহজীকরণপূর্বক অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয় এবং গত ০৭/০৩/২০২৩ইং তারিখে সরাসরি সাক্ষাৎকালে চেয়ারম্যান মহোদয়ের সাথে বিষয়টি নিয়ে আরো বিস্তারিত আলোচনা করা হয়। চেয়ারম্যান মহোদয় Authorized Economic Operator এর তালিকায় অন্তর্ভুক্তির আবেদনগুলো নমনীয়ভাবে বিবেচনা করে দ্রুততার সাথে সনদ প্রদান করার আশ্বাস প্রদান করেন।

আমদানিকৃত পণ্য খালাসের জটিলতা পরিহার ও সময় হ্রাসের নিমিত্তে Authorized Economic Operator-এ তালিকাভুক্ত হওয়া প্রয়োজন। তাই যে সকল প্রতিষ্ঠান অদ্যবধি AEO-তে তালিকাভুক্তির জন্য আবেদন করেননি তাদেরকে আবেদন করা জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

বিজিএ/কাস/২০২৩/ 2262

০৬ মার্চ, ২০২৩

চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও শেরেবাংলা নগর
ঢাকা - ১২০৭।

**বিষয়ঃ অথোরাইজড ইকোনোমিক অপারেটর (AEO)-তে তালিকাভুক্তি প্রক্রিয়া সহজীকরণপূর্বক অনুমোদন প্রদান প্রসঙ্গে।**

**সূত্রঃ** (ক) বিজিএমইএ'র পত্র নং বিজিএ/কাস/২০২২/৪৮১৯, তারিখ: ১৮/০৭/২০২২।
(খ) এস.আর.ও নং ২১৪-আইন/২০১৮/৩৭/কাস্টমস, তারিখ: ১৮/০৬/২০১৮।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি। বাণিজ্য উদারীকরণ এবং পণ্য খালাস প্রক্রিয়া দ্রুততর করার লক্ষ্যে উত্তমচর্চাকারী প্রতিষ্ঠানসমূহের পণ্য চালান কায়িক পরীক্ষন ব্যতিরেকে সরাসরি খালাস প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অথোরাইজড ইকোনোমিক অপারেটরের সুবিধা চালু করার জন্য যে কার্যক্রম গ্রহন করা হয়েছে তার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

আমরা জানতে পারি যে, উক্ত সুবিধা গ্রহণ করার নিমিত্তে ইতিমধ্যে অনেক রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান আবেদন করেছে। কিন্তু উক্ত সুবিধা গ্রহণের ক্ষেত্রে বিভিন্ন জটিল শর্ত আরোপের ফলে অনেকেই এই সুবিধার বিপরীতে যোগ্যতা অর্জন করতে সক্ষম হচ্ছে না।

বর্তমানে বিভিন্ন কাস্টমস স্টেশনের মাধ্যমে তৈরি পোশাক শিল্পের আমদানিকৃত পণ্য চালান খালাসের ক্ষেত্রে নানাবিধ জটিলতার সম্মুখীন হতে হচ্ছে। খালাস প্রক্রিয়ার এই জটিলতার কারণে রপ্তানিকারকগণ সময়মতো তাদের পণ্য খালাস করতে না পারায় অনেক ক্ষেত্রে নির্দিষ্ট সময় (লীড টাইম) এর মধ্যে রপ্তানি কার্যক্রম সম্পাদনে ব্যর্থ হচ্ছে। ফলশ্রুতিতে কোন কোন ক্ষেত্রে কয়েকগুন বেশি ভাড়া দিয়ে পণ্য বিমানযোগে প্রেরণ করতে হচ্ছে। আবার অনেক ক্ষেত্রে রপ্তানি আদেশ বাতিল হয়ে রপ্তানিকারকগণ দারুন আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে। ফলে দেশ হারাচ্ছে মূল্যবান বৈদেশিক মুদ্রা।

বিজিএমইএ মনে করে যে, আবেদন প্রক্রিয়া ও শর্তগুলো সহজীকরণ করা হলে অনেক প্রতিষ্ঠানই এই সুবিধা গ্রহণ করে দ্রুততার সাথে পণ্য চালান খালাস করতে পারবে এবং ক্রেতার নির্ধারিত লীড টাইমের মধ্যে রপ্তানি কার্যক্রম সম্পন্ন করে রপ্তানি প্রবৃদ্ধিতে ভূমিকা রাখতে পারবে। এছাড়াও কাস্টমস কর্তৃপক্ষ ও রপ্তানিকারকদের মধ্যে বিরাজমান বিভিন্ন জটিলতা নিরসন হবে। ফলশ্রুতিতে দেশে বিনিয়োগ বৃদ্ধি পাবে এবং নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

এমতাবস্থায়, তৈরি পোশাক রপ্তানি বাণিজ্যকে সহজীকরন ও নিরবিচ্ছিন্ন রাখার লক্ষ্যে অথোরাইজড ইকোনোমিক অপারেটরের সনদ প্রাপ্তির জন্য ইতিমধ্যে যারা আবেদন দাখিল করেছে তাদের আবেদনগুলো নমনীয়ভাবে প্রক্রিয়াকরণ করে AEO সনদ পত্র প্রদান করা এবং নতুনভাবে কোন প্রতিষ্ঠান আবেদন করলে তা দ্রুততার সাথে প্রক্রিয়াকরণ করে সনদপত্র জারী করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে

ফারুক হাসান
সভাপতি

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১। সদস্য (কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
২। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীন নিরীক্ষা কমিশনারেট, সেগুনবাগিচা, ঢাকা।

**FARUQUE HASSAN**
PRESIDENT



সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২২/১৪৬ তারিখঃ ১৮/০৭/২০২২

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ অথোরাইজড ইকনোমিক অপারেটর (AEO)-তে তালিকাভুক্তি প্রসঙ্গে।**

সূত্রঃ কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীন নিরীক্ষা কমিশনারেট এর স্মারক নং শুমূঅনি/শুস্কায়ন/AEO/০৪/২০১৮/অংশ-১/২০২১/৭০৯, তারিখ: ১৮/০৪/২০২২। (কপি সংযুক্ত)

**সম্মনিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,**

আসসালামু আলাইকুম।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাণিজ্য উদারীকরণ এবং পণ্য খালাস প্রক্রিয়া দ্রুততর করার লক্ষ্যে উত্তমচর্চাকারী প্রতিষ্ঠানসমূহের পণ্য চালান কায়িক পরীক্ষন ব্যতিরেকে সরাসরি খালাস প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অথোরাইজড ইকনোমিক অপারেটরের সুবিধা চালু করার উদ্যোগ গ্রহন করা হয়েছে।

গত ০৪ জুলাই, ২০২২ তারিখে আমার নেতৃত্বে বিজিএমইএ'র একটি প্রতিনিধি দলের সাথে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যানের একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় চেয়ারম্যান মহোদয় তৈরি পোশাক রপ্তানিকারকদের'কে অথোরাইজড ইকনোমিক অপারেটরের তালিকাতে অন্তর্ভুক্ত হওয়ার পরামর্শ প্রদান করেন।

তৈরি পোশাক রপ্তানি বাণিজ্যকে সহজীকরণ ও নিরবিচ্ছিন্ন রাখার লক্ষ্যে সম্মানিত সদস্যদের'কে অথোরাইজড ইকনোমিক অপারেটর (AEO)-তে তালিকাভুক্তির জন্য জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয় বরাবর আবেদন করে অনুলিপি সদস্য (কাস্টমস নিরীক্ষ, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড এবং কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীন নিরীক্ষা কমিশনারেটে প্রেরনের জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

Shahinur-customs